বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

৪র্থ শ্রেণি (বাংলাদেশ ও বিশ্বপরিচয়)

৪র্থ অধ্যায় (নাগরিক অধিকার)

**সংক্ষিপ্ত প্র/উ**

১। নাগরিক অধিকার বলতে কী বোঝায়?

**উত্তর:** নাগরিক বলতে রাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসকারী সদস্যকে বোঝায়। অর্থাৎ যে ব্যক্তি রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করেন,রাষ্ট্রের বিভিন্ন সুযোগ-সুবিধা ভোগ করেন এবং রাষ্ট্রে স্থায়ীভাবে বসবাস করেন তাকে নাগরিক বলে।

২। নাগরিকের প্রধান অধিকার কয়টি? নাগরিকের অধিকারগুলো উল্লেখ কর?

**উত্তর:** নাগরিকের প্রধান অধিকার তিনটি। এগুলো হলো:
(১) সামাজিক অধিকার (২) রাজনৈতিক অধিকার (৩) অর্থনৈতিক অধিকার

৩। মত প্রকাশের অধিকার বলতে কী বোঝায়?

**উত্তর:** প্রত্যেক নাগরিকের বাড়িতে, বিদ্যালয়ে এবং সমাজে স্বাধীনভাবে নিজস্ব মতামত তুলে ধরাকে মত প্রকাশের অধিকার বলে।এটি নাগরিকের রাজনৈতিক অধিকার।

৪। সামাজিক অধিকার কাকে বলে?

উত্তর: সমাজে সুষ্ঠু ও সুন্দর জীবনযাপনের জন্য যেসব অধিকার অপরিহার্য সেসব অধিকারকে সামাজিক অধিকার বলে। যেমন-শিক্ষা লাভের অধিকার।

৫। নিজের দেশের প্রতি আমরা কীভাবে দায়িত্ব পালন করতে পারি?

**উত্তর:** দেশের আইন-কানুন মেনে চলার মাধ্যমে আমরা নিজের দেশের প্রতি দায়িত্ব পালন করতে পারি।

৬। দেশের সরকার কীভাবে প্রতিটি নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করবে?

**উত্তর:** নাগরিকদের সকল সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে দেশের সরকার প্রতিটি নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করবে।

৭। সকল অধিকারের মধ্যে অন্যতম অধিকার কী?

**উত্তর:** জীবন রক্ষার অধিকার সকল অধিকারের মধ্যে অন্যতম অধিকার।

৮। বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় উপাদানগুলো উল্লেখ কর?

**উত্তর:** বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় উপাদানগুলো হলো- (১) খাদ্য (২) বস্ত্র (৩) বাসস্থান (৪) চিকিৎসা এবং (৫) জীবনের নিরাপত্তা।

৯। সামাজিক অধিকারগুলো উল্লেখ কর?

**উত্তর:** সামাজিক অধিকারগুলো হলো-(১)বেঁচে থাকার অধিকার(২)শিক্ষার অধিকার(৩)চলাফেরার অধিকার(৪)ধর্ম পালনের অধিকার(৫) ভাষা ও সংস্কৃতির অধিকার

১০। প্রতিটি নাগরিককে কেন শিক্ষাগ্রহণ করা প্রয়োজন?

**উত্তর:** রাষ্ট্রের উন্নয়নের জন্য প্রতিটি নাগরিককে শিক্ষাগ্রহণ করা প্রয়োজন।

১১। চলাফেরার অধিকার প্রয়োজন কেন?

**উত্তর:** কোনো রকম বাধা ছাড়াই সহজেই যেকোনো স্থানে যাতায়াত করার জন্য চলাফেরার অধিকার অত্যন্ত গুরুত্বপূর্ণ।

১২। ভাষা ও সংস্কৃতির অধিকার সম্পর্কে ২ টি বাক্য লেখ।

**উত্তর:** (১) নিজ মাতৃভাষায় কথা বলা নাগরিকের মৌলিক অধিকার (২) নিজ নিজ সংস্কৃতি চর্চা করা ও উৎসব পালন করাও মৌলিক অধিকার।

১৩। রাজনৈতিক অধিকার কাকে বলে?

**উত্তর:** ভোটদান ও বিভিন্ন কাজের মাধ্যমে রাষ্ট্র পরিচালনায় এবং শাসনকার্যে নাগরিকদের অংশগ্রহণ করার অধিকারকে রাজনৈতিক অধিকার বলে। যেমন- নির্বাচনের অধিকার।

১৪। নির্বাচনের অধিকার সম্পর্কে ২টি বাক্য লেখ।

**উত্তর:** (১) আঠারো বছর ও তার উপরের সকল নাগরিকের ভোট দেওয়ার অধিকার আছে। (২) ২৫ বছর বয়সে সকল নাগরিকের নির্বাচনে অংশগ্রহণ করার অধিকার আছে।

১৫। ভোট দেওয়ার অধিকার গুরুত্বপূর্ণ কেন?

**উত্তর:** রাষ্ট্র পরিচালনায় এবং শাসনকার্যে অংশগ্রহণ করার জন্য ভোট দেওয়ার অধিকার অত্যন্ত গুরুত্বপূর্ণ।

১৬।অর্থনৈতিক অধিকার কাকে বলে?

**উত্তর:** জীবনধারণের জন্য কোনো কাজ করে রোজগার করার অধিকারকে অর্থনৈতিক অধিকার বলে। সুষ্ঠুভাবে জীবিকা নির্বাহের জন্য মানুষের এ অধিকার গুরুত্বপূর্ণ।

১৭। মিতুর বড় বোন ১৮ বছর বয়সে একটি রাজনৈতিক অধিকার ভোগ করে। অধিকারটি কী?

**উত্তর:** মিতুর বড় বোন ১৮ বছর বয়সে একটি রাজনৈতিক অধিকার ভোগ করে। অধিকারটি হলো ভোট দেওয়ার অধিকার ।

১৮। 'ভাষার অধিকার' বলতে কী বুঝায় ?

**উত্তর:** 'ভাষার অধিকার' বলতে নিজ মাতৃভাষায় কথা বলার অধিকার বোঝায়। ভাষার অধিকার মানুষের জন্মগত মৌলিক সামাজিক অধিকার।

১৯। ফিরোজ খান আশেকপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। ফিরোজ খান কোন অধিকার ভোগ করেছেন?

**উত্তর:** ফিরোজ খান আশেকপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। ফিরোজ খান রাজনৈতিক অধিকার ভোগ করেছেন।

২০। আলিম রাষ্ট্রের প্রতি আনুগত্য স্বীকার করেন, ভোট দেন। আলিমকে রাষ্ট্রের কী বলা হয়?

**উত্তর:** আলিম রাষ্ট্রের প্রতি আনুগত্য স্বীকার করেন, ভোট দেন। আলিমকে রাষ্ট্রের নাগরিক বলা হয়।

BCPSC

**মিলকরণ-০১**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক)সমাজে সুষ্ঠু ও সুন্দর জীবনযাপনের জন্য প্রয়োজন | অর্থনৈতিক অধিকার |
| (খ) মত প্রকাশের অধিকার | জীবনরক্ষার অধিকার |
| (গ) ১৮ বছর ও তার উপরের সকল নাগরিকের | খেয়াল রাখা প্রয়োজন |
| (ঘ) সম্পত্তি অর্জন ও ভোগ করার অধিকার | সামাজিক অধিকার |
| (ঙ) সকল অধিকারের মধ্যে অন্যতম | রাজনৈতিক অধিকার |
| | ভোট দেওয়ার অধিকার |
| | নির্বাচনে অংশগ্রহণের অধিকার |

**শূন্যস্থান**

১। আমরা রাষ্ট্রের কাছ থেকে <u>তিন</u> ধরনের অধিকার ভোগ করি।

২। রাষ্ট্রের প্রত্যেক নাগরিকের <u>সম্পত্তি অর্জন ও ভোগ</u> করার অধিকার আছে।

৩। দেশের সকল নাগরিকের <u>স্বাধীনভাবে মত</u> প্রকাশের অধিকার আছে।

৪ । <u>জীবন</u> রক্ষার অধিকার সকল অধিকারের মধ্যে অন্যতম।

৫। রাষ্ট্রের উন্নয়নে প্রত্যেক নাগরিকের <u>শিক্ষা গ্রহণ</u> করা প্রয়োজন।

৬। নিজ মাতৃভাষায় কথা বলা নাগরিকের <u>মৌলিক</u> অধিকার।

৭। নিজ নিজ <u>সংস্কৃতি</u> চর্চা করা নাগরিকের সামাজিক অধিকার্।

৮। <u>২৫</u> বছর হলে সকল নাগরিক নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন।

৯। প্রত্যেক নাগরিকের বিদ্যালয়ে <u>স্বাধীনভাবে</u> নিজস্ব মত প্রকাশের অধিকার আছে।

১০। সকল নাগরিকের আইনের সমান **আশ্রয়** লাভের অধিকার আছে।
১১। বিদেশে অবস্থান কালে নিজ রাষ্ট্রের **সরকারের** কাছে **নিরাপত্তা** দাবি করার অধিকার আছে।
১২। জীবনধারণের জন্য কাজ করা **অর্থনৈতিক** অধিকার।
১৩। সুষ্ঠুভাবে **জীবিকা** নির্বাহের জন্য অর্থনৈতিক অধিকার প্রয়োজন।
১৪। সকল নাগরিকের স্বাধীনভাবে আয় **রোজগারের** অধিকার আছে।
১৫। যেকোনো কাজ করে সবার **ন্যায্য** মজুরি লাভের অধিকার আছে।
১৬। প্রত্যেক নাগরিকের সম্পত্তি **অর্জন** ও **ভোগ** করার অধিকার আছে।
১৭। সবারই কর্মক্ষেত্রে **অবকাশ** ছুটি পাওয়ার অধিকার আছে।

**মিলকরণ- ০২**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক)রাজনৈতিক অধিকার | সমান অধিকার |
| (খ) আইনের চোখে সবার | নিরাপত্তা দাবি করার অধিকার আছে |
| (গ) বিদেশে অবস্থানকালে নিজ দেশের সরকারের কাছে | পছন্দ অনুযায়ী কিছু করার অধিকার আছে |
| (ঘ) সকল নাগরিকের নির্বাচনে অংশগ্রহণ করার অধিকার আছে | ভোটদান |
| (ঙ) প্রত্যেক নাগরিকের স্বাধীনভাবে নিজের | নির্বচনের অধিকার |
| | ২৫ বছর বয়সে |
| | মত প্রকাশের অধিকার |

**রচনামূলক/ যোগ্যতাভিত্তিক উত্তর**

১। অর্থনৈতিক অধিকার কাকে বলে? এ অধিকারগুলো প্রয়োজন কেন? একজন নাগরিকের কী কী অর্থনৈতিক অধিকার রয়েছে তার চারটি উল্লেখ কর ? ১+১+৪=৬

উত্তর: জীবনধারনের জন্য কোনো কাজ করে জীবিকানির্বাহ বা আয়-রোজগার করার অধিকারকে অর্থনৈতিক অধিকার বলে। সুষ্ঠুভাবে জীবন ও জীবিকা নির্বাহের জন্য অর্থনৈতিক অধিকারগুলো জরুরি প্রয়োজন। মানবজীবনে বহু ধরনের অর্থনৈতিক অধিকার রয়েছে।এগুলোর মধ্যে চারটি অর্থনৈতিক অধিকারের উল্লেখ করা হলো-
(১) আয়-রোজগার করার অধিকার
(২) ন্যায্য মজুরি লাভের অধিকার
(৩) সম্পত্তি লাভ ও ভোগের অধিকার
(৪) কার্যক্ষেত্রে অবকাশ লাভের অধিকার

২। ফাতিমা নাগরিক হিসেবে রাষ্ট্রের কাছ থেকে কিছু সুবিধা ভোগ করেন। এসব সুযোগ-সুবিধাকে কী বলে? ফাতিমার এসব সুযোগ-সুবিধা পূরণ করা কার দায়িত্ব ? ফাতিমার এ রকম চারটি সুবিধার নাম লেখ। ১+১+৪= ০৬

BCPSC

উত্তর: ফাতিমা নাগরিক হিসেবে রাষ্ট্রের কাছ থেকে কিছু সুযোগ-সুবিধা ভোগ করেন। এসব সুযোগ-সুবিধাকে অধিকার বলে। ফাতিমার এসব সুযোগ-সুবিধা পূরণ করা রাষ্ট্রের দায়িত্ব । ফাতিমা রাষ্ট্রের কাছ থেকে পান এমন চারটি সুবিধার হলে-
(১) শিক্ষা লাভের অধিকার
(২) চলাফেরার অধিকার
(৩) আইনের আশ্রয় লাভের অধিকার
(৪) সম্পত্তি অর্জন ও ভোগ করার ।ধিকার

৩। ফাহিমের চাচা নির্বাচনে অংশগ্রহণ করেছেন। তিনি কোন অধিকার ভোগ করেছেন? এ রকম পাঁচটি অধিকার উল্লেখ করো। ১+৫=০৬
উত্তর: ভোট প্রদান ও বিভিন্ন কাজের মাধ্যমে রাষ্ট্র পরিচালনায় এবং শাসনকাজে নাগরিকদের অংশগ্রহণ করার অধিকারকে রাজনৈতিক অধিকার বলে। এক্ষেত্রে ফাহিমের চাচা নির্বাচনে অংশগ্রহণ করার মাধ্যমে রাজনৈতিক অধিকার ভোগ করেছেন। পাঁচটি রাজনৈতিক অধিকার হলো-
(১) নির্বচনের অধিকার
(২) মত প্রকাশের অধিকার
(৩) আইনের চোখে সবার সমান অধিকার
(৪) বিদেশে নিরাপত্তা লাভের অধিকার
(৫) ব্যক্তি স্বাধীনতা রক্ষার অধিকার

৪। আমরা কোন দেশের নাগরিক? নাগরিক হিসেবে আমাদের সামাজিক অধিকার কেন প্রয়োজন? চারটি সামাজিক অধিকারের নাম লেখ। ১+১+৪ = ০৬

উত্তর: আমরা বাংলাদেশের নাগারক। সমাজে সুস্থ ও সুন্দর জীবনযাপনের জন্য সামাজিক অধিকার প্রয়োজন।চারটি সামাজিক অধিকারের নাম হলো-
(১) বেঁচে থাকার বা জীবন রক্ষার অধিকার
(২) ধর্ম পালনের অধিকার
(৩) শিক্ষালাভের অধিকার
(৪) ভাষা ও সংস্কৃতির অধিকার

BCPSC